গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
বরিশাল
স্থানীয় সরকার শাখা
www.barisal.gov.bd

স্মারকনম্বর -০৫.১০.০৬০০.১১২.০৭.০০১.২৪-২৭৯

তারিখ : ০৮ বৈশাখ, ১৪৩১
২১ এপ্রিল, ২০২৪

"দরপত্র বিজ্ঞপ্তি"

বরিশাল জেলার ১০ টি উপজেলার ৭৫৯ জন গ্রাম পুলিশের (দফাদার ও মহল্লাদার) ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য তফসিলে বর্ণিত পোশাক ও সরঞ্জামাদি সরবরাহের নিমিত্ত পূর্ব অভিজ্ঞতাসম্পন্ন প্রকৃত সরবরাহকারী/প্রস্তুতকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ধারা ৪০ (সর্বশেষ সংশোধনীসহ) এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৯০ (সর্বশেষ সংশোধনীসহ) অনুসরণপূর্বক নিম্নলিখিত শর্তানুযায়ী সিলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

তফসিল

<table>
<tr><th>ক্র. নং</th><th>বিবরণ</th><th colspan="4">বিস্তারিত তথ্য</th></tr>
<tr><td>০১</td><td>মন্ত্রণালয়/বিভাগ</td><td colspan="4">স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়</td></tr>
<tr><td>০২</td><td>দপ্তর/ প্রতিষ্ঠানের নাম</td><td colspan="4">জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল</td></tr>
<tr><td>০৩</td><td>সংগ্রহকারী সত্তার নাম</td><td colspan="4">জেলা প্রশাসক, বরিশাল</td></tr>
<tr><td>০৪</td><td>কাজের নাম</td><td colspan="4">২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামপুলিশদের (দফাদার ও মহল্লাদার) পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহ</td></tr>
<tr><td>০৫</td><td>ক্রয় প্রক্রিয়া</td><td colspan="4">উন্মুক্ত দরপত্র (ওটিএম) [ পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (সর্বশেষ সংশোধনীসহ) এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (সর্বশেষ সংশোধনীসহ) মোতাবেক।]</td></tr>
<tr><td>০৬</td><td>অর্থায়নের উৎস</td><td colspan="4">২০২৩-২০২৪ অর্থবছরের অনুন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-৩৪ হিসাবের খাত নং- ১৩৭০১০১/ ১২০০০১৩০৮/৩৬৩১১০৩ গ্রামপুলিশদের পণ্য ও সেবা সহায়তা খাত স্থানীয় সরকার বিভাগের স্মারক নং৪৬.০০.০০০০.০১৮.০২.০০১.১৭(অংশ-১)-৯১২, তারিখ : ১৪ নভেম্বর ২০২৩ খ্রি.</td></tr>
<tr><td>০৭</td><td>দরপত্র বিক্রয় ও দাখিল এবং নমুনা দাখিল সংক্রান্ত</td><td>পর্যায়</td><td>দরপত্র বিক্রয়ের শেষ তারিখ</td><td>দরপত্র দাখিলের সময়</td><td>দরপত্র খোলার সময়</td></tr>
<tr><td></td><td></td><td>১ম</td><td>১৫.০৫.২০২৪ তারিখ অফিস চলাকালীন সময়</td><td>১৬.০৫.২০২৪ তারিখ সকাল ০৯.০০ ঘটিকা থেকে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত (সিলগালাকৃত খামে)</td><td>১৬.০৫.২০২৪ বিকাল ৪.০০ ঘটিকায় জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল উপস্থিত দরদাতার সম্মুখে (যদি কেহ থাকে)</td></tr>
<tr><td></td><td></td><td>২য়</td><td>২৯.০৫.২০২৪ তারিখ অফিস চলাকালীন সময়</td><td>৩০.০৫.২০২৪ সকাল ০৯.০০ ঘটিকা থেকে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত (সিলগালাকৃত খামে)</td><td>৩০.০৫.২০২৪ বিকাল ৪.০০ ঘটিকায় জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল উপস্থিত দরদাতার সম্মুখে (যদি কেহ থাকে)</td></tr>
<tr><td></td><td></td><td>৩য়</td><td>১০.০৬.২০২৪ তারিখ অফিস চলাকালীন সময়</td><td>১১.০৬.২০২৪ তারিখ সকাল ০৯.০০ ঘটিকা থেকে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত (সিলগালাকৃত খামে)</td><td>১১.০৬.২০২৪ বিকাল ৪.০০ ঘটিকায় জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল উপস্থিত দরদাতার সম্মুখে (যদি কেহ থাকে)</td></tr>
<tr><td></td><td></td><td colspan="4">বিশেষ দ্রষ্টব্য:<br>(ক) কোন কারণে দরপত্র বিক্রয় বা দাখিলের তারিখে সরকারি ছুটি ঘোষিত হলে পরবর্তী কার্যদিবসে দরপত্র বিক্রয় বা দাখিলের দিন নির্ধারিত থাকবে।<br>(খ) যে পর্যায়ে টেন্ডার অনুমোদিত হবে তার পরবর্তী পর্যায়গুলো স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।<br>দরপত্র বিক্রয় এবং নমুনাসহ দরপত্র দাখিলের স্থান :<br>(ক) বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল বিভাগ, বরিশাল<br>(খ) জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল (স্থানীয় সরকার শাখা)</td></tr>
</table>

| | | |
|---|---|---|
| ০৮ | সংক্ষেপে দরদাতার যোগ্যতা | (ক)দরদাতাকে বিগত ০৫ (পাঁচ) বৎসরের মধ্যে কমপক্ষে ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকার মূল্যমানের একই ধরনের ০২ (দুই) টি কাজ সফলভাবে সম্পাদনের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রকৃত পোশাক ও সরঞ্জামাদি প্রস্তুতকারী/সরবরাহকারী ব্যক্তি/প্রতিষ্ঠান হিসেবে প্রমাণাদি সংযুক্ত করতে হবে।<br>(খ) দরপত্রের সাথে ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকার ব্যাংক স্থিতি প্রত্যয়ন পত্র (Bank Gurantee Certificate) দাখিল করতে হবে।<br>(গ) হালনাগাদ ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর সনদ (টিআইএন নম্বরসহ) ভ্যাট নিবন্ধন পত্রের কপি, নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্রের কপি প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক (নামযুক্ত সিলসহ) সত্যায়নপূর্বক দাখিল করতে হবে।<br>(ঘ) দরপত্র সিডিউলে বর্ণিত বিস্তারিত শর্তাবলির নিরিখে প্রতিষ্ঠানকে যোগ্য হতে হবে। |
| ০৯ | পোশাক ও সরঞ্জামাদির বিবরণ | ক) জামা ০২টি করে (৭৫২টি ফুল শার্ট, ও ৭৫২ টি হাফ শার্ট) (মন্ত্রণালয়ের নমুনা অনুসারে শার্ট নীল রংয়ের, ঢাকনাসহ ২ পকেট বিশিষ্ট)।খ) ইউনিয়ন দফাদারদের জন্য সোল্ডার ব্যাচ পারপেল কালার Four Pointed Cross খাকি কালার Four Pointed Cross এর মধ্যে দোয়েল, আকাশি রং এর রিবন এবং গ্রাম পুলিশ লেখাটি সাদা রং এর হবে (৬৫ জন দফাদারের জন্য ১৩০টি)(অফিস কর্তৃক সরবরাহকৃত নমুনা মোতাবেক) প্রতিজন ০২ টি করে। গ) মহল্লাদারদের সোল্ডার ব্যাচ পারপেল কালার, আকাশি রং এর রিবন এবং গ্রাম পুলিশ লেখাটি সাদা রং এর হবে (৬৯৪ জন মহল্লাদারের জন্য মোট ১৩৮৮টি) (অফিস কর্তৃক সরবরাহকৃত নমুনা মোতাবেক) প্রতিজন ০২ টি করে।ঘ) ফুল প্যান্ট ০২ টি করে মোট ৭৫২X২=১৫০৪টি (খাকী রংয়ের, লুপ ও পিছনে ১ টি পকেটসহ ৩ পকেট বিশিষ্ট)।ঙ) উন্নতমানের বেল্ট (চামড়ার) ৭৫২টি।<br>চ) উন্নতমানের কাপড়ের জুতা ৭৫৯ জোড়া(০৭জন মহিলা গ্রামপুলিশসহ)। ছ) মোজা ৭৫৯ জোড়া। জ) মাথার ক্যাপ মনোগ্রামসহ ৭৫৯টি। ঝ) উলের জামা ৭৫২টি।ঞ) জ্যাকেট ৭৫২টি<br>ট) কার্টিগান ০৭ টি। ঠ) বুশশার্ট (মহিলাদের জন্য)০২ টি করে ৭X২=১৪ টি। ড) জর্জেট শাড়ী (প্রতি জন ২টি হিসেবে মহিলা পুলিশের ন্যায়) ৭ X২=১৪ টি। ঢ) ব্লাউজ (প্রতি জন ২টি হিসেবে মহিলা পুলিশের ন্যায়)- ৭ X২=১৪ টি।ণ) পেটিকোট (প্রতি জন ২টি হিসেবে মহিলা পুলিশের ন্যায়)-৭X২=১৪ টি। |
| ১০ | কাজ শেষ করার মেয়াদ | কার্যাদেশ জারির ৪৫ (পয়তাল্লিশ) দিনের মধ্যে। |
| ১১ | দরপত্রের মূল্য | নগদ ২০০০/-(দুই হাজার) টাকা মাত্র (অফেরতযোগ্য) |
| ১২ | দরপত্র জামানত/বায়নার টাকা | দরপত্রে উদ্ধৃত দরের ৩% টাকা যেকোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার জেলা প্রশাসক, বরিশাল এর অনুকূলে জমা দিতে হবে। নন -রেসপনসিভ দরদাতার দরপত্র জামানত ফেরত দেয়া হবে। |
| ১৩ | বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ | স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল। ফোন নং-০২৪৭৮৮৬৩৫৫৬ (অফিস চলাকালিন) এবং www.barisal.gov.bd ওয়েব সাইট থেকে জানা যাবে। |
| ১৪ | বিশেষ শর্তাবলি | সংগ্রাহক সত্তা কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ ও বাতিল অথবা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। |

২১।০৪।২৩

(শহিদুল ইসলাম)
জেলা প্রশাসক
বরিশাল
ফোন নং-০২৪৭৮৮৬৪২৫৯

জেলা প্রশাসকের কার্যালয়
বরিশাল
স্থানীয় সরকার শাখা

২০২৩-২৪ অর্থবছরে গ্রামপুলিশ বাহিনীর (দফাদার ও মহল্লাদার) পোশাক ও সরঞ্জামাদি দরপত্র/সরবরাহের শর্তসমূহ।

০১। দরপত্রের সাথে সকল সরঞ্জামাদির ০১টি করে নমুনা দাখিল করতে হবে। প্রতিটি নমুনাসহ দরপত্র প্রস্তাবের প্রতি পৃষ্ঠায় দরপত্র দাতাকে নিজ নাম ও স্বাক্ষরসহ সিল প্রদান করতে হবে। নমুনা ব্যতিরেকে কোন দরপত্র বিবেচনা করা হবে না।

০২। প্রতিটি আইটেমের একক বা সরবরাহকৃত মোট দ্রব্য/ সরঞ্জামাদির মূল্য সিডিউলের যথাস্থানে অংকে এবং কথায় স্পষ্টভাবে লিখে দরপত্র সিডিউল দাখিল করতে হবে। দরপত্রের সাথে দরপত্রে উদ্ধৃত দরের ৩% টাকা যেকোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার জেলা প্রশাসক, বরিশাল এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র বিবেচিত হবে না। নন-রেসপনসিভ দরদাতার দরপত্র জামানত ফেরত দেয়া হবে।

০৩। সিলগালাযুক্ত খামের উপর স্পষ্ট অক্ষরে প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা উল্লেখপূর্বক দরপত্র দাখিল করতে হবে। অস্পষ্ট ও অসম্পূর্ণ/ কাটা ঘষামাজা দরপত্র বাতিল বলে গণ্য হবে। খামের উপর ''২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রাম পুলিশদের (দফাদার ও মহল্লাদার) পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহের দরপত্র'' উল্লেখ থাকতে হবে।

০৪। দরপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি ছবি, যেকোন সিডিউল ব্যাংক থেকে সলভেন্সি সার্টিফিকেট(দরপত্র দাখিলের তারিখের পূর্ববর্তী ২৮(আটাশ) দিনের মধ্যে কমপক্ষে ৫০ লক্ষ টাকার ব্যাংক স্থিতি), হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ (টিআইএন নম্বরসহ), ভ্যাট নিবন্ধন পত্রের কপি, নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্রের কপি প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক (নামযুক্ত সিলসহ) সত্যায়নপূর্বক দাখিল করতে হবে।

৫। দরদাতাকে বিগত ০৫ (পাঁচ) বৎসরের মধ্যে কমপক্ষে ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকার মূল্যমানের একই ধরনের ০২ (দুই) টি কাজ সফলভাবে সম্পাদনের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রকৃত পোশাক ও সরঞ্জামাদি প্রস্তুতকারী/ সরবরাহকারী ব্যক্তি/ প্রতিষ্ঠান হিসেবে প্রমাণাদি সংযুক্ত করতে হবে।

০৬। কার্যাদেশ প্রাপ্তির পরে প্রত্যেক উপজেলায় গিয়ে থানা হাজিরার দিন প্রত্যেক গ্রাম পুলিশের শরীরের পরিমাপ সংগ্রহ করতে হবে। মাপ অনুযায়ী পৃথক পৃথক প্যাকেট পোশাকসহ মালামাল ও সরঞ্জামাদি সরবরাহ করতে হবে। গ্রাম পুলিশের ব্যক্তিগত মাপ ও অনুমোদিত নমুনার সাথে পোশাক ও সরঞ্জামাদির মিল না থাকলে তা কোনক্রমেই গ্রহণযোগ্য হবেনা। ঠিকাদার নিজ দায়িত্বে/ খরচে তা পরিবর্তন/ সংশোধন করে দিতে বাধ্য থাকবেন।

০৭। কার্যাদেশ প্রাপ্তির পরে বর্ণিত সময়সীমার মধ্যে প্রদর্শিত ও অনুমোদিত নমুনা মোতাবেক মালামাল সরবরাহ করতে হবে। অন্যথায় তার জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। দরপত্র মূল্যায়নের সময় নমুনা ও মোট মূল্য বিবেচনা করে মূল্যায়ন করা হবে। প্রত্যেক আইটেমের জন্য প্রদত্ত প্রস্তাব উক্ত আইটেমের অধীন পূর্ণ পরিমাণের জন্য প্রদান করতে হবে।

০৯। দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক পোশাক ও সরঞ্জামাদির গুণগত মান যাচাই অন্তে গৃহীত হওয়ার পর বিভাজন মোতাবেক সকল প্রকার পোশাক ও সরঞ্জামাদি নিজ খরচে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সরবরাহ করে এ কার্যালয়ে প্রাপ্তি স্বীকারপত্র দাখিল করতে হবে। প্যান্ট ও শার্টে প্রতিটি সেলাইয়ের জায়গায় লুপ আটকাতে হবে। পলিয়েস্টারে বোতামসহ অটোমেটিক মেশিনে সেলাই করতে হবে। তাছাড়া প্রয়োজনীয় জায়গায় বক্রম এবং প্যান্টের চেইন কাপড়ের রং এর সাথে মিলিয়ে লাগাতে হবে।উপজেলা নির্বাহী অফিসারের নিকট হতে নির্ধারিত সময়ের মধ্যে অনাপত্তি পত্র পাওয়া সাপেক্ষে চূড়ান্ত বিল পরিশোধ করা হবে।

১০। কার্যাদেশ প্রাপ্ত সরবরাহকারীকে বিল প্রদানের সময় বিধি মোতাবেক আয়কর ও ভ্যাট কর্তন করা হবে। এ বিষয়ে সময়ে সময়ে সরকারের জারিকৃত বিধি বিধান প্রযোজ্য হবে। এ জন্য কোনো অতিরিক্ত পাওনা পরিশোধ করা হবে না।

১১। পোশাক ও সরঞ্জামাদি দরপত্র সিডিউলে বর্ণিত স্পেসিফিকেশন মোতাবেক সরবরাহ করতে হবে।

১২। কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত দরপত্রের দরদাতা অবহিত হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে ১০% কার্যসম্পাদন জামানত বাবদ জেলা প্রশাসক, বরিশাল এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জমা দেওয়ার পর ৩০০/-(তিনশত) টাকার নন -জুডিসিয়াল স্ট্যাম্পের উপর শর্ত মোতাবেক নির্ধারিত নমুনা ও মাপ অনুযায়ী পোশাক ও সরঞ্জামাদি সরবরাহ করা হবে মর্মে অঙ্গীকারনামা সম্পাদন করে এ অফিসে দাখিল করার পর কার্যাদেশ প্রদান করা হবে। শর্ত মোতাবেক সন্তোষজনক মালামাল সরবরাহ সাপেক্ষে ০৬(ছয়) মাস পর এ অর্থ ফেরত দেয়া হবে।

১৩। কাগজপত্র যাচাইকালে ভুয়া প্রমাণিত হলে বা একজনের সার্টিফিকেট অন্যজনে ব্যবহার করলে বা একজনের নামে অন্যজনের জামানতের বিডি/পে-অর্ডার দাখিল করলে জামানত বাজেয়াপ্তসহ দরপত্র বাতিল করা হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। দরপত্রের সকল কার্যক্রম পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (সর্বশেষ সংশোধনীসহ) এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (সর্বশেষ সংশোধনীসহ) মোতাবেক পরিচালিত হবে।

১৫। দরপত্রের সাথে দাখিলকৃত নমুনা এ অফিসের অনুমোদিত গাইড নমুনার সাথে/স্পেসিফিকেশন এর সাথে সামঞ্জস্যপূর্ণ না হলে দাখিলকৃত দরপত্র অগ্রহনযোগ্য (Non-responsive)বলে বিবেচিত হবে।

১৬। সর্বনিম্ন দরদাতাকেই কার্যাদেশ দিতে কর্তৃপক্ষ বাধ্য নয় এবং কার্যাদেশ দেয়ার ক্ষেত্রে অফিসে রক্ষিত নমুনা এবং PPR এর বিধান অনুযায়ী মালামালের গুণগত মান বিচার বিবেচনায় আনা হবে।কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭। দরপত্র সিডিউলে বর্ণিত বিস্তারিত শর্তাবলি অনুসরণ করতে হবে।

১৮। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ, বাতিল বা সরকারি স্বার্থে যেকোন শর্ত আরোপের ক্ষমতা সংরক্ষণ করেন।

২১/০৪/২৪
(শহিদুল ইসলাম)
জেলা প্রশাসক
বরিশাল
ফোন নম্বর : ০২৪৭৮৮৬৪২৫৯

স্মারক নম্বর : ০৫.১০.০৬০০.১১২.০৭.০০১.২৪- ২৭৯

তারিখ ঃ ০৮ বৈশাখ, ১৪৩১ / ২১ এপ্রিল, ২০২৪

অনুলিপি ঃ সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ ...

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
০৩। পুলিশ কমিশনার, বিএমপি, বরিশাল।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল বিভাগ, বরিশাল।
০৫। জেলা প্রশাসক,-----------------------------(সকল)।
০৬। পুলিশ সুপার, বরিশাল।
০৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বরিশাল।
০৮। সিভিল সার্জন, বরিশাল।
০৯। উপজেলা নির্বাহী অফিসার,---------------------------------(সকল), বরিশাল(বিজ্ঞপ্তিটি তাঁর নোটিশ বোর্ডে টাঙ্গানোর অনুরোধসহ)।
১০। জেলা শিক্ষা অফিসার, বরিশাল।
১১। উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, বরিশাল।
১২। জেলা কমান্ড্যান্ট,আনসার ও ভিডিপি, বরিশাল।
১৩। জেলা তথ্য অফিসার, বরিশাল। তাঁকে উক্ত দরপত্র বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৪। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল। বিজ্ঞপ্তিটি জেলা ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৫। সম্পাদক------------------------------- বিজ্ঞপ্তিটি আগামী ০৩(তিন) দিনের মধ্যে তার পত্রিকায় ভিতরের পাতায় ০৩ কলামে একদিনের জন্য প্রকাশের অনুরোধ করা হলো এবং প্রচারিত সংখ্যার ০২(দুই) কপি উপ পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২১/০৪/২৪
গৌতম বাড়ৈ
উপ পরিচালক (উপসচিব)
স্থানীয় সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,বরিশাল